গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টেকনাফ, কক্সবাজার
www.teknaf.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২২.২২৯০.০০০.১৩.০১.২৪ - ৭৭৬ তারিখঃ ১৪/০৩/২০২৪ খ্রিঃ।

## ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা টেকনাফ উপজেলার জেলা প্রশাসক কক্সবাজার এর নামে রেকর্ডভুক্ত ১নং খাস খতিয়ানভুক্ত সম্পত্তির উপর প্রতিষ্ঠিত নিম্নবর্ণিত ০৩ (তিনটি) টি জেটিঘাট ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ বা ইজারা চুক্তি সম্পাদনের তারিখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ তারিখে জারীকৃত **হস্তান্তরিত ফেরিঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয়বন্টন নীতিমালা ২০০৩** অনুযায়ী ইজারা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তিবর্গ হতে সীলমোহরযুক্ত খামে নিম্নবর্ণিত শর্ত সম্বলিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) অত্র কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সিডিউল ক্রয় করা যাবে এবং নিম্নলিখিত তারিখ সমূহে দুপুর ১.০০ টা পর্যন্ত অত্র কার্যালয়ে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। ধার্য্য তারিখ বেলা ২.০০ টার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০০% অর্থ জামানত হিসাবে (ফেরত/সমন্বয়যোগ্য) যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার এর অনুকুলে জমা দিতে হবে।

কোন আহবানে যে কোন জেটিঘাটের কাঙ্খিত দর পাওয়া গেলে সে জেটিঘাটের জন্য পরবর্তী আহবান প্রযোজ্য হবে না । তবে নির্ধারিত তারিখে দাখিলকৃত দর বিধি অনুযায়ী গ্রহণযোগ্য না হলে কিংবা কোন জেটিঘাটের জন্য দরপত্র পাওয়া না গেলে পুণরায় পরবর্তী তারিখে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্রে উদ্ধৃত দর বিজ্ঞপ্তিতে উল্লেখিত সম্ভাব্য মূল্য অপেক্ষা কম হলে তা গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এখানে উল্লেখ্য যে, নীতিমালা অনুযায়ী জন্মগত পেশাদার পাটনীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। উল্লিখিত পেশাদার পাটনী না পাওয়া গেলে ঘাট পরিচালনায় পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। এ ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৯.০৪.২০০৩ খ্রিঃ তারিখে জারীকৃত **হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন নীতিমালা**'র অনুচ্ছেদ ২ এর (ক) (২) মতে জন্মগত পেশাদার পাটনীরদের ক্ষেত্রে চেয়ারম্যান, পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত) দরপত্রের সাথে দাখিল করতে হবে।

| ১ম দরপত্র দাখিলের তারিখ | ২য় দরপত্র দাখিলের তারিখ | ৩য় দরপত্র দাখিলের তারিখ | ৪র্থ দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|
| ০১/০৪/২০২৪ | ০৯/০৪/২০২৪ | ১৬/০৪/২০২৪ | ২২/০৪/২০২৪ |

| ক্রমিক নং | জেটিঘাটের নাম | ইউনিয়নের নাম | সরকারী মূল্য | দরপত্রের মূল্য(অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শাহপরীর দ্বীপ জেটিঘাট | সাবরাং | ৭,০৩,৮৩৪/- | ২২০০/- | |
| ০২ | সেন্টমার্টিন জেটিঘাট | সেন্টমার্টিন | ৬০,৫৩,৫০০/- | ১২,৮০০/- | |
| ০৩ | দমদমিয়া ঘাট | হ্নীলা | ১৭,০০,০০০/- | ৪০০০/- | ০১/০৯/২০২৪ হতে ৩১/০৩/২০২৫ তারিখ পর্যন্ত |

**অন্যান্য শর্তাবলী:-**

০১। দরপত্র গৃহীত হবার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষের অনুকুলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ঘাটটি পুনঃ দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে দরপত্র দাতাকে কোন নোটিশ প্রদান করা হবে না।

০২। গৃহীত দরপত্রের উদ্ধৃত মূল্যের উপর ইজারা গ্রহীতাকে ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) জমা প্রদান করতে হবে।

০৩। গৃহীত দরপত্রের সমুদয় অর্থ (আয়কর ও ভ্যাটসহ) পরিশোধ করার পর দরপত্র দাতাকে ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প-এ বিধিমতে চুক্তি সম্পাদনের পর ঘাটের দখল বুঝে নিতে হবে।

০৪। ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত জেটিঘাট অন্যের নিকট উপ-ইজারা দিতে পারবে না। অনুরুপ কোন কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করলে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য জেটিঘাট পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা নেয়া হবে।

০৫। ইজারাদার উপযুক্ত কর্তৃপক্ষের নির্ধারিত হার অনুযায়ী টোল আদায় করতে হবে এবং ঘাটের উভয় পাড়ে মানুষসহ বিভিন্ন মালামাল পারাপারের নির্ধারিত হার প্রকাশ্যে টাঙ্গিয়ে রাখতে হবে।

০৬। ইজারাদারকে যাত্রী পারাপারের সুবিধার্থে জেটিতে সার্বক্ষণিক প্রয়োজনীয় সংখ্যক নৌকা ও লোকজন মওজুদ রাখতে হবে।

০৭। ইজারাদার এ সংক্রান্ত নীতিমালায় কোন নতুন শর্তাবলী সংযোজিত হলে তা মানতে বাধ্য থাকবেন।

০৮। ইজারাদার জেটিঘাটের দখল বজায় রাখিতে সচেষ্ট থাকবেন।

০৯। দরপত্রে উদ্ধৃত অর্থের পরিমাণ স্পষ্ঠভাবে অংকে ও কথায় লিখতে হবে। কোনরুপ কাটাছেড়া বা ঘষামাজা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১০। দরপত্র দাতা খামের উপর সংশ্লিষ্ট জেটিঘাটের নাম অবশ্যই লিখতে হবে।

১১। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারার যেকোনো শর্ত সংযোজন/বিয়োজন করতে পারেন। বিধায় কর্তৃপক্ষ ও সরকারের সকল বিধি বিধান মেনে চলতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। উপরোক্ত শর্তাবলী গ্রহণ করে দরপত্র দাখিল করতে হবে।

২৮/৩/২৪

মোঃ আদনান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার
মোবাইল নং-০১৮৫১-৯৬৬৯৬৬
Email-unoteknaf@gmail.com

স্মারক নং-০৫.২২.২২৯০.০০০.১৩.০১.২৪ -

তারিখ ঃ ১৪/০৩/২০২৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য প্রেরিত-

১. মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কক্সবাজার।
৬. অধিনায়ক, টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি)
৭. স্টেশন কমান্ডার, কোস্ট গার্ড, টেকনাফ।
৮. স্টেশন কমান্ডার, কোস্ট গার্ড, সেন্টমার্টিন।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।
১০. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
১১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ, কক্সবাজার।
১২. মেয়র, টেকনাফ পৌরসভা, টেকনাফ, কক্সবাজার।
১৩. সহকারী কমিশনার (ভূমি), টেকনাফ, কক্সবাজার।
১৪. অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা, টেকনাফ, কক্সবাজার।
১৫. উপজেলা..........................................কর্মকর্তা, টেকনাফ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ সহকারে।
১৬. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, টেকনাফ শাখা।
১৭. চেয়ারম্যান ..............................ইউ, পি(সকল), টেকনাফ। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে বহুল প্রচারের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, টেকনাফ সদর/হ্নীলা/বাহারছড়া ইউনিয়ন ভূমি অফিস। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর আওতাধীন এলাকায় ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১৯. সম্পাদক, দৈনিক.................................................। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক)দিনের স্বল্পপরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
২০. সভাপতি/সম্পাদক, ...........................................................................বাজার কমিটি/জাহাজ মালিক/বোট মালিক/স্পিডবোট মালিক সমিতি, টেকনাফ।
২১. জনাব...................................................................................................................।
২২. নোটিশ বোর্ড।

২৮/৩/২৪

উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার